

©2006 by Ki eatures Syndicate, Inc. World rights reserved.


মেলকে ততটা জানি না,কিন্তু লিন্ডা ভারী মিষ্টি
এই ওদের ঠিকানা।
1-10
ঠিকানাটা কেমন চেনা চেনা লাগছে যেন।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নার্দা, মনে হচ্ছে, কাছাকাছি এসে গিয়েছি।
কিন্তু, এ দিকে আগেও কি একবার এসেছিলাম!
ওই যে বাড়িটা।
দ্যাখো নার্দা, মন বলছে এখানে আগেও এসেছি আমরা।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



নার্দা এসো। কী ভাল যে লাগছে।
ম্যানড্রেক, এ হল লিডা।
পরিচিত হয়ে ভাল লাগল।
দাঁড়াও, মেলকে ডাকি।
লিডার কেমন যেন সন্ত্রস্ত ভাব।
আরে তোমার মতো বিখ্যাত লোকের সামনে পড়ে হতেই পারে।
কিছুটা লজ্জা, কিছুটা ভয়। এটাই কারণ।
1-12
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ডিনারের আয়োজন চলছে,
এমন সময় বিভ্রাট...
ই-ই-ই
চিৎকারটা রান্নাঘর
থেকেই আসছে।
লিন্ডা-আ-আ!
!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঠিক আছি।
মাথাটা শুধু একটু টলে গিয়েছিল আমার।
চেঁচালে কেন ?
জানলার বাইরে হঠাৎ একটা মুখ। বেজায় ঘাবড়ে গিয়েছিলাম।
1-17
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ভুল দেখলাম কিনা জানি না।
কিন্তু মনে হল যেন বীভৎস
একটা মুখ!
বাইরে গিয়ে দেখে
আসি।
পায়ের ছাপ নেই।
তবে কি লিন্ডা এমনি
এমনিই ভয় পেয়েছে?
1-18
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved



বাইরে গিয়ে কাউকে তো দেখতে পেলাম না।
!
লিডা, হালে তোমার কী যে হয়েছে? কেউ নেই। সবটাই কল্পনা তোমার।
1-19
আমি নিশ্চিত, ভুল আমি দেখিনি। কিন্তু প্রমাণ করব কী করে?
উপায় আছে।
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


তুমি একটু সহযোগিতা করলে সম্মোহনে জানলায় দেখা ওই মুখটা পুনর্নির্মাণ করা যায়।
?
হ্যাঁ, ম্যানড্রেক সম্মোহন টেলিপ্যাথিতে আগেও একাধিকবার এটা করেছে।
একেবারে নির্দোষ পরীক্ষা। কোনও ভয় নেই তোমার।
বেশ, যা করার করুন।
1-20
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


লিডা ঘুমোও। তোমার চোখে আসুক সেই মুখের ছবি।
নার্দা, এ পদ্ধতিতে কাজ হয়?
নিজেই দেখে নাও।
সম্মোহনে টেলিপ্যাথিক প্রক্ষেপণ...
লিডা জানলায় যাকে দেখেছিল, এটা তার ছবি। মেল, লোকটাকে চেনো?
না। জীবনে কখনও দেখিনি।
1-21
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর



জানালায় যে মুখ দেখেছিল লিন্ডা...
সম্মোহনে টেলিপ্যাথি প্রক্ষেপণ।
তাজ্জব!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
লিন্ডা যে ভুল বলেনি, প্রমাণ মিলল।
ব্যাপারটা কী হল?
!


লিন্ডা ওই মুখটা দেখেই মূর্ছা যায়।
সাবাশ লিন্ডা। তুমি ঠিকই দেখেছ।
কাজ হল?
SNAP
1-24
হ্যাঁ হয়েছে। অথচ মুহূর্তের জন্য তুমি ওই মুখটা দেখেছিলে জানালায়।
আবার দেখাচ্ছি।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


সম্মোহন টেলিপ্যাথি প্রক্ষেপণে সেই মুখ আবার হাজির করল ম্যানড্রেক
এই সেই লোক।
আগে ওকে কখনও দেখিনি।
FALK & FREDERICKS
1-25
আমিও দেখিনি। সম্ভবত লুকিয়ে দেখার কু-অভ্যাস আছে এমন কোনও বজ্জাত লোক।
লত্তা কিছু চেপে যাচ্ছে কি?
(C)2006 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


লিডা, তোমরা এ বাড়িতে আছ কতদিন হল?
কয়েক মাস হবে।
এত নিরিবিলি বলেই পছন্দ আমাদের।
কিন্তু তারপর থেকেই ভয়ে ভয়ে রয়েছ তুমি লিডা। কেন?
না মেল। তেমন কিছু হয়নি। আমি ঠিকই আছি।
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


জানি না কী ভাবে বলব...
এখানে আসার পর গোড়ায় দিব্যি ছিলাম আমরা।
তারপর ...সব কেমন যেন ঠেকতে লাগল।
?
কী ঘটল ?
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
1-28



কেন ভয় পায়, জানাচ্ছে লিন্ডা...
মেল আর আমি বাড়িতে না থাকলেই এটা হয়।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
এ বাড়িতে ফিরলেই বুঝি, কিছু ওলটপালট হয়েছে আমরা না থাকার সময়ে।
আমার সন্দেহ.. আমরা না থাকার সময় কেউ ঘোরাঘুরি করে ঘরের মধ্যে।
1-30


ওপর ওপর সব কিছু এক রকম থাকলেও আমি বুঝি, এখানে নির্ঘাত কেউ ঢুকেছিল।
আমি গোড়ায় ব্যাপারটা পাত্তা দিইনি...
..কিন্তু একদিন রাতে...
মেল ওঠো। নীচে নির্ঘাত কেউ ঢুকেছে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঠিক করলাম, নীচে গিয়ে পরখ করে দেখব।
চোর ঢুকেছে বোধহয়।
সাবধান নেল।
2 - 1
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
তারপর কী দেখলে?
কেউ নেই।


ম্যানড্রেক, এরপর থেকেই লক্ষ করতাম, আমরা না থাকলে জিনিসপত্র যেন একটু এলোমেলো...
যেন কেউ কিছু খোঁজার জন্য জিনিসপত্র হাটকেছে। কিন্তু কে সে?
আমারও মনে হতে লাগল লিডার অনুমানই সঠিক।
কী করা যায়?
2-2
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



ভাবলাম পুলিশ ডাকি। মেল বলল, পুলিশ বিশ্বাসই করবে না।
সত্যিই গোলমেলে ব্যাপার। আচ্ছা, এ বাড়িতে কি 'গ্রিন হাউস' ছিল কখনও? তোমরা কিছু জানো?
হ্যাঁ, পড়শিরা বলে ছিল একটা। কয়েক বছর আগে পুড়িয়ে দেওয়া হয়।
এমন প্রশ্ন কেন?
2-3
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


আসলে আজ এ বাড়িতে আসার পরই বাড়িটা কেমন চেনা চেনা ঠেকছিল।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
মনে পড়ল আগেও এসেছি এখানে। তখন গায়েই ছিল গ্রিন হাউস। নার্দা মনে পড়ছে?
সেই অর্কিড রহস্য।
২-৭
কী বোঝাতে চায় ম্যানড্রেক?


পুরনো রোমহর্ষক ঘটনার স্মৃতিচারণে ম্যানড্রেক দম্পতি...
সেই অদ্ভুত অর্কিড রহস্য তো?
?
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved
সেটা আবার কী?
অদ্ভুত এক ঘটনা। বেশ কিছুকাল আগে এ বাড়িতেই তা ঘটেছিল।
2-6


দোহাই ম্যানড্রেক, খুলে বলো, অর্কিড নিয়ে কী ঘটেছিল সে বার।
মনে হচ্ছে দুটো ঘটনার মধ্যে সম্পর্ক আছে কিছু!
জানলায় ওই মুখ দেখা দেওয়ার সঙ্গেও?
মেল ও লিন্ডাকে এ বার জানাও সে কাহিনি।
হ্যাঁ বলছি। তবে আগে গোড়ার কথাটাও বলতে হবে।
2-7
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved


বেশ কয়েক বছর আগে সুন্দরী এক তরুণী এক বিচিত্র ঘটনার কথা জানায় আমাদের।
মেয়েটির নাম ক্লেয়ার।
আমার প্রেমিক বব এসেছিল আমার ও কাকার সঙ্গে দেখা করতে।
“আমরা তিনজন গোটা সন্ধ্যা গল্পগুজব করে কাটালাম। বব রয়ে গেল রাতে।
“মাঝরাতে হঠাৎ ঘুম ভেঙে গেল। দেখি, তক্ষুনি কাউকে খুন করার জন্য হাত নিশপিশ করছে।”
2-9
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


" বন্দুক নিয়ে ববের ঘরে ঢুকলাম। ও বই পড়ছিল। "
"আমাকে দেখে হতভম্ব। গুলিটা ওর মাথার উপর দিয়ে বেরিয়ে গেল। "
তারপরই জ্ঞান হারাই। চেতনা ফিরলে ভাবলাম দুঃস্বপ্ন। কিন্তু দেখি গুলিটা দেয়ালে বিঁধে আছে।
!
!
2-5
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved


ববের সঙ্গে আলাপ করিয়ে দিল ক্লেয়ার।
দেখুন, ক্লেয়ার খুব ভাল মেয়ে।
কিন্তু অমন কাণ্ড কী করে যে ঘটাল ও নিজেই ভেবে পাচ্ছে না।
আমার সন্দেহ, ওই বাড়িতেই গোলমাল কিছু আছে। কাকাটাও সুবিধের নয়।
2-10
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.



ক্লেয়ার, তুমি আমাদের এক সন্ধ্যায় ওই বাড়িতে নিমন্ত্রণের ছলে ডেকে পাঠাও।
রহস্য উদ্ধারে জায়গাটা একটু ঘুরে দেখতে চাই।
পারলে আপনিই পারবেন।
কিন্তু ম্যানড্রেক, সেই অর্কিড রহস্যের কী হল বলছ নাতো?
আরে, সেটাই তো বলছি।
কাল: কাকা
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


রহস্যজনক অর্কিডের কাহিনি বলছে ম্যানড্রেক...
বব-ক্রেয়ারের সম্পর্কটা সহজ চোখে নেননি ওই কাকা।
2-13
কাল রাতের ওই কাণ্ডের পর ববের কাছে মুখ দেখাবে কেমন করে?
ঘাবড়িও না ক্রেয়ার। শীঘ্রই এর জট খুলে যাবে।
খোলাচ্ছি জট। ঘুঘু দেখেছ, ফাঁদ তো দেখনি।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক কী করছে কে জানে? ঘুমিয়ে পড়ি আমি।
নার্দা ঘুমিয়ে পড়তেই ওই ঘরে সেই অর্কিডটা ঢুকিয়ে দিলেন কাকা....
“ঘরের মধ্যে ছড়িয়ে পড়ল মিষ্টি তীব্র একটা গন্ধ।”
2-16
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঘুমন্ত নার্দার নাকে ঢুকছে অর্কিডের মিষ্টি তীব্র গন্ধ ।
হঠাৎ ঘুম ভেঙে ..
ঠিক ক্রেয়ারের মতোই তার মাথায় চাপল তীব্র খুনের ইচ্ছা।"
অর্কিড সুন্দরী, তোমার কাজ শেষ। এ বার ফেরত নিয়ে যাই তোমায়।
2-17
by King Features Syndicate, Inc. World rights reserved.


অনেক রাতে, মৃদু একটা শব্দ। দেখি নার্দা, কেমন ঘোরের মধ্যে হাঁটছে।
দেখে কেমন বিপদের গন্ধ পেলাম।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
দেখি, নার্দা ছুঁচলো একটা ছুরি হাতে এগিয়ে আসছে। দৃষ্টিতে কেমন নিষ্ঠুরতা।
2-18
অতঃপর: কী ঘটল?


পুরনো রোমহর্ষক কাহিনি ম্যানড্রেকের মুখে...
দেখি, আচ্ছন্ন অবস্থাতেই হাতে একটা ছুরি নিয়ে আমাকে মারতে আসছে নার্দা।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
করছ কী তুমি ?
মূর্ছা গেল নার্দা।



©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেককে মারতে গিয়েছিলাম! কাল রাতে কী হয়েছিল আমার?
ওই গ্রিন হাউসে গিয়ে মনটা বরং হালকা করে আসি।
2-22
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
কি সুন্দর ফুল আর অর্কিড। এটা অপূর্ব।
আরে! এখানে ঢুকেছ কেন?



কিছু মনে কোর না, এই অর্কিডটা অতি দুষ্প্রাপ্য..
তাই কাউকে ছুঁতে দিই না।
2-23
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
এটা বিরলতম প্রজাতির। দেখতেও দারুণ।
চেনা চেনা ঠেকছে কেন?
ওই মিষ্টি গন্ধটা! কাল রাতে এই গন্ধটাই যেন পাচ্ছিলাম! বুঝেছি।


ওই অর্কিডের ব্যাপারে আরও ভাল করে জানতে চাইল নার্দা...
দেখি ফুল-অর্কিডের বইপত্রে কিছু বলা আছে কিনা।
2-27
©1958 by King Features Syndicate, Inc. World rights reserved.
বলছে উষ্ণপ্রধান দেশে এর জন্ম। তবে কদাচিৎ মেলে...
এ থেকে প্রস্তুত মাদক সেবন করলে মানুষ রক্তপিপাসু হয়ে ওঠে।


বলছে, আদিম অধিবাসীরা যুদ্ধে যাওয়ার আগে এই অর্কিডের গন্ধ শুঁকে নিত রণোন্মত্ত হতে। বাপ্ রে।
2-25
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
কাল রাতে ওই প্রজাতির অর্কিডের গন্ধেই আমার খুনের ইচ্ছা জেগেছিল।
কার হাত?



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্লেয়ার, নার্দাকে ধারে কাছে দেখেছ?
না তো। সিনেমা দেখতে গেল নাকি!
তখনও জানি না গুপধর কাকাটি নার্দাকে ওই বাড়িরই বেসমেন্টে বন্দি করে রেখেছে।
2·26
বইয়ে লেখা, ওই অর্কিডের আপাত-মিষ্টি গন্ধ মানুষকে হিংস্র করে তোলে।
কিন্তু কথাটা ম্যানড্রেককে বলার সুযোগ তোমায় দেব না।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ক্লেয়ার যতদিন না বিয়ে করে, আইনত আমিই ওর অভিভাবক।
কিন্তু ববকে বিয়ে করলেই গ্রিন হাউস-সহ এ বাড়ির মালিকানা হারাব আমি।
সেটা রুখতে আর একবার সুগন্ধী অর্কিডের খেল দেখাতে হবে আমাকে।
তারপর হবে তোমার ব্যবস্থা।
!
3-1
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ফন্দিটা সকলেই জেনে গিয়েছে।
ওরা এ বার আসবে আমার খোঁজে ।
তার আগে তোমাকে সরিয়ে ফেলি সুন্দরী।
?
3·3
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


কাকা ওই ঝোপ পেরিয়ে নার্দাকে নিয়ে পালাচ্ছে দেখছি।
ওদের পিছু নিচ্ছি আমি।
দাঁড়াও ম্যানড্রেক।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
ওই মাঠটা বিষাক্ত গাছগাছড়ায় ভর্তি। মাড়ালেই মৃত্যু অনিবার্য।
?
3-4
অতঃপর: বিষাক্ত পথ


পুরনো কথা ম্যানড্রেকের মুখে...
বাড়ির পিছনের ঝোপ পেরিয়ে নার্দাকে তুলে নিয়ে পালাচ্ছে কাকা।
যেও না ম্যানড্রেক। কাকা নার্দাকে নিয়ে চালাঘরটায় ঢুকেছে।
চালাঘরে যাওয়ার পথে এই ঝোপটায় বিষাক্ত গাছগাছড়া লাগিয়েছে কাকা।
ওই গাছের কাঁটায় গা একটু ছড়লেই তৎক্ষণাৎ মৃত্যু।
!
3-6
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



গোটা ঝোপটা বিষাক্ত লতা আর কাঁটাগাছে ভর্তি।
কিন্তু তোমার কাকা গেল কী করে? তার মানে কিছুটা অংশ নিশ্চয় নিরাপদ।
হ্যাঁ, বিষাক্ত নয় এমন কিছু গাছ পোঁতা আছে আঁকাবাঁকা করে। কিন্তু সে পথটা...
একমাত্র কাকাই জানে।
3-7
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


নার্দাকে উদ্ধারের একটা
উপায় করতেই হবে।
পেয়েছি।
!
ওই ঝোপে আগুন
লাগিয়ে দেব
আমরা।
কিন্তু আগুন যদি
চালাঘরটাকেও গ্রাস করে?
দু'জনেই পুড়ে মরবে।
তাই না?
ALEX RAYMOND
3-10
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি চরম হুমকি দিলাম কাকাকে...
নার্দাকে ছেড়ে না দিলে এক্ষুনি আগুন ধরিয়ে দেব এই বিষাক্ত ঝোপে।
কেন বাজে বকছ। আগুন লাগাতে পারবে না তুমি।
!
"কায়দা করে আমি কাকার চোখে চোখ রাখলাম। বজ্জাতটাকে সম্মোহন করতে।"
এ দিকে তাকাও।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


সম্মোহিত কাকা দেখল, গোটা ঝোপ দাউদাউ করে জ্বলছে। দেখে আতঙ্কে দৌড় দিল।
নার্দা, তুমি ওই ঘরেই থাকো আপাতত।
?
অ্যাঁ! আগুন কোথায় ? এ তো স্রেফ ভড়কিবাজি।
বাঃ। কী বুদ্ধি। ধরে ফেলেছ।
3-14
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি চাইনি নার্দাও উদভ্রান্তের মতো দৌড়তে গিয়ে বিষাক্ত গাছ মাড়াক। তাই ও নড়েনি।
কাকাবাবু, এখন আমাকে পথ দেখিয়ে ওই ঘরে নিয়ে যেতে হবে যে। চালাকির চেষ্টা কোর না।
না। আমি জানি, আমি হেরে গিয়েছি।
কাকাকে বিশ্বাস কোর না ম্যানড্রেক।
3·15
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


একটু এগিয়েই ঠেলা মেরে ম্যানড্রেককে ফেলে দেব বিষ-গাছের ঝোপে।
আর বিষের জ্বালায় ছটফট করে মরবে ব্যাটা।
সাবধান। আমি যেখানে পা ফেলছি, ঠিক সেই পথ ধরে এসো তুমিও।
3-16
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


কাকা পথ দেখিয়ে নিয়ে যাচ্ছে। ঝোপের মাঝামাঝি গিয়েই...
'হঠাৎই ধাক্কা দিয়ে আমাকে বিষাক্ত ঝোপে ফেলার চেষ্টা করল। পারেনি অবশ্য।"
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
কাকা, আমি আগেই আঁচ করেছিলাম।
আমাকে না ছাড়লে এক পা-ও এগোব না আমি।
3-17




©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের সম্মোহন...
দোহাই ম্যানড্রেক। আমি আর ফুললেই বিষাক্ত ঝোপে গিয়ে ঠেকবে গা-টা।
আর তার স্পর্শেই তৎক্ষণাৎ মৃত্যু।
তবে নিয়ে চলো নার্দার কাছে।
বেশ বাবা। যাচ্ছি, চলো।
3-21
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই পুরনো বাড়ির এখনকার বাসিন্দাদের কাছে অর্কিড রহস্যের কাহিনি বলছে জাদুকর ম্যানড্রেক...
মেল ও লিন্ডা...
জব্বর ঘটনা বটে একখানা।
আর তা ঘটেছিল এখানেই।
3-23
কিন্তু ব্যাপারটা পুরো চুকেছে কী?
আমার তো সন্দেহ আছে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


কিন্তু অদ্ভুত ঘটনা ঘটেই চলেছে। জানালায় কার মুখ?
ম্যানড্রেক, তোমার কী বক্তব্য এ বিষয়ে?
দেখ, নিয়তিই আজ রাতে আমাদের টেনে এনেছে এখানে।
বলতে পারো আগের ব্যাপারটা এখনও পুরো চোকেনি। অর্কিড রহস্যের সঙ্গে এটার যোগ থাকতে পারে।
?!
3-25
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved
অতঃপর



ম্যানড্রেকের সন্দেহ, পুরনো সেই অর্কিড রহস্যই নতুন আকারে...
দ্যাখো, আমার একটা প্রস্তাব আছে...
মেল আর লিন্ডা দিন কয়েক জানাডুতে কাটিয়ে আসুক।
আর আমি ও ম্যানড্রেক এখানে থাকি এই রহস্যের জট খুলতে।
নার্দা, এমন লোভনীয় প্রস্তাবের জন্য অসংখ্য ধন্যবাদ। আমরা রাজি।
3-27
by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি জানাডুতে খবর পাঠাচ্ছি। লোথার ও হোজো থাকবে সেখানে।
জানাডুতে থাকব। এ যে কত বড় সৌভাগ্য।
আসলে কেউ বা কারা তোমাদের ভয় দেখিয়ে এই বাড়ি থেকে হটাতে চাইছে। কেন...
..চাইছে সেটা জানার জন্যই আমরা ঘাঁটি গাড়ছি এই বাড়িতে।
আগেও তো একবার থেকেছি এ বাড়িতে।
3-28
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


মেল ও লিন্ডা জানাডুর দিকে এখন মাঝপথে বোধহয়।
লিন্ডা বেচারা তো বেশ মুষড়েই পড়েছিল।
অতঃপর কী?
সেই চোরের তল্লাশ লাগাতে হবে।
বলো ম্যানড্রেক, আমি তো অবসরের মুখে প্রায়।
যাওয়ার আগে আমার জন্য একটু কষ্ট করতে হবে।
3-29
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


সেই অর্কিড কহস্য তো ! হ্যাঁ, মনে পড়ছে ম্যানড্রেক।
'কাকার কীর্তি' ছিল গোটা ব্যাপারটা। পরে জেল হয় গুণধর সেই কাকার।
লোকটা কি এখনও জেলে ?
3-30
কম্পিউটারে চেক করে দেখে নিই।
ম্যানড্রেক, ওপরতলায় কার যেন পায়ের আওয়াজ। শুনতে পাচ্ছ ?
?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক, আমি নিশ্চিত, ওপরতলায় কেউ ঘুরছেয়
পুলিশ-প্রধান, পেলেন নাকি কিছু ?
হ্যাঁ, ম্যানড্রেক। পেয়েছি।
রেকর্ড বলছে, কিছুদিন আগে জেলেই মৃত্যু ঘটে ওই কাকাবাবুর। স্বাভাবিক মৃত্যু।
!
3-31
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved


আমার ধারণা ছিল, এ বারের কাণ্ডেও হাত আছে কাকার। কারণ কাজের ধারাটা সে রকমই।
কিন্তু লোকটা জেলেই মরলে...
?
ম্যানড্রেক। জলদি চলো। গতিক সুবিধের নয়!
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.
কে?



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


গতবারে যখন এই বাড়িটায় ছিলাম, তখন ওই শস্য রাখার ঘরের চারদিকে ছিল বিষাক্ত ঝোপজঙ্গল।
সেগুলো পুড়িয়ে নষ্ট করে দেওয়া হয়।
এখন প্রশ্ন, পোড়ো ঘরটায় কে ঢুকেছে?
যাঃ! আলোটা নিভে গেল।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


লাইব্রেরিতে এই টর্চলাইটটা পেলাম।
তুমি চললে কোথায়?
ওই পোড়ো ঘরে কে আছে দেখতে।
জানলায় ক্ষণিকের সেই লোকটা নয় তো?
পরখ না করে বলা যাচ্ছে না নার্দা। গিয়ে দেখি।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


দরজাটা বন্ধ রাখো। আমি না ফেরা অবধি সতর্ক থেকো।
তুমিও সাবধানে থেকো।
পোড়ো বাড়িটার দিকে অতি সতর্ক পায়ে এগিয়ে চলল ম্যানড্রেক।
ভেতরে যে-ই থাকো, বরিয়ে এসো বলছি।
4-6
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



শেষবার বলছি...
বেরিয়ে না এলে কিন্তু...
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
তবে রে ব্যাটা।
ধড়াম
কী দেখল ম্যানড্রেক ?



বাগান করার যন্ত্রপাতি ছাড়া কাউকে তো দেখছি না!
এ তো গদি আর কম্বল মনে হচ্ছে
নির্ঘাত কেউ লুকিয়ে থাকে এখানে।
ম্যানড্রেক যখন পোড়োবাড়িতে তল্লাশি চালাচ্ছে তখন রহস্যময় একজন ছুটছে মূল বাড়ির দিকে। যেখানে নার্দা একাকিনী।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


পোড়ো চালাঘরটায় কেউই নেই...
যে ছিল, পিছনের জানলাটা দিয়ে পালিয়েছে নির্ঘাত।
ওই তো! একটা লোক মূল বাড়ির দিকে যাচ্ছে।
ওই বাড়িতে নার্দা একা আছে।
FALK & McCOYS
4-10
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



এ দিকে অন্ধকারের মধ্যে নতুন সমস্যায় ম্যানড্রেক...
ব্যাটারি আর কাজ করছে না!
নার্দা কী করছে, একবার দেখে আসি।
এ কী? বাইরের দরজাটা হাট করে খোলা কেন?
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved


দরজা খোলা কেন
নার্দা ?
নার্দা, কোথায় গেলে
তুমি ?
সাড়া নেই !
?
!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
4-12


কোথায় গেল নার্দা?
অন্য ঘরগুলোয় খুঁজে দেখি।
হাঃ! হাঃ! হাঃ!
?
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ফাঁকা বাড়িতে কার অট্টহাস্য ভেসে আসছে?
?
হাঃ! হাঃ! হাঃ!
আওয়াজটা আসছে কোথা থেকে?
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved
এই যে, এখান থেকে ম্যানড্রেক।
!


জানলায় তোমারই মুখ দেখেছি?
4-15
হ্যাঁ, সেটা আমিই। কেউ চিনতে পারেনি।
এ বার চেনা যাচ্ছে কী?
ক্রেয়ারের সেই কাকা! কিন্তু সে তো মৃত!
©2006 By King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


ক্লারার কাকার মতোই দেখতে। কে এই লোকটা?
ক্লারার কাকা! কিন্তু...
জেলের রেকর্ড বলছে, সে মৃত।
জেলের রেকর্ড ঠিক কথাই বলছে। আমি ক্লারার কাকা নই।
!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


দেওয়ালের দিকে মুখ করে দাঁড়াও। হাতকড়াটা পরিয়ে দিই।
জাদু দেখতে মন্দ লাগে না। কিন্তু তোমার সম্মোহন ঠেকাতে চোখ বাঁধতেই হচ্ছে।
আর তোমার স্ত্রী? সে এখন পাশের ঘরেই গভীর ঘুমে মগ্ন।
4-19
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


এই বাড়িতে ঢোকা তো জলভাত।
লুকিয়ে ঢুকেই ক্লোরোফর্ম দিয়ে অজ্ঞান করে ফেলি তোমার স্ত্রী নার্দাকে। তবে একটু পরেই জ্ঞান ফিরে আসবে।
!
অবশ্য, নার্দার জ্ঞান ফিরলেই...
?
তোমার জীবনের প্রহর শেষ।
4-20
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


কী বলতে চাইছ জুনিয়র ?
জেলে বাবার সঙ্গে দেখা করতে গেলেই...
তিনি আমাকে ওই সুগন্ধী অর্কিড ও তার ক্ষমতার গল্প করতেন।
পুলিশ সব বিষাক্ত গাছ পুড়িয়ে দিলেও একটা লুকোনো ছিল।
কিন্তু সেটা কোথায় রাখা আছে বলার আগেই মারা যান বাবা।
এটাই সেই বাড়ি। গাড়ি রোখো।
4-21
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


গভীর রাতে পুরনো বাড়ির সামনে এসে দাঁড়াল একটা গাড়ি...
4-24
সবাই ভেতরে চলে আসুন। পরীক্ষাপর্ব এখনই শুরু হবে।
কীসের পরীক্ষা?
যে পরীক্ষা হতে চলেছে তাতে তোমার ও দাদার অতি গুরুত্বপূর্ণ ভূমিকা।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


অতিথিদের সঙ্গে পরিচয় করিয়ে দিইনি বলে কিছু মনে কোর না ম্যানড্রেক।
আসলে ম্যানড্রেকের হাত ও চোখ বাঁধা না রাখলে আমাদের এ পরীক্ষাটাই পণ্ড হয়ে যেতে পারে।
এ বার আপনারা দেখতে পাবেন অতি সুন্দর কিন্তু ভয়ঙ্কর অর্কিডের কি অপরিসীম মারণক্ষমতা।
যা দাবি করছেন, তা সত্য কী?
নিজের চোখেই পরখ করুন এর শক্তি।
4-25
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


দুষ্প্রাপ্য এই সুগন্ধী অর্কিডের গন্ধ শুঁকলেই খুনের প্রবৃত্তি জেগে ওঠে ঝট করে।
কাউকে দিয়ে রাজনৈতিক হত্যাকাণ্ড ঘটানোর অব্যর্থ অস্ত্র।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
পুলিশ বুঝবেই না কী ভাবে কী ঘটল।
যা বলছেন, তা সত্য হলে এর তো কোটি টাকা দাম!
4-26
পরীক্ষা আরম্ভ করুন। সফল হলে উচিত মূল্যই দেব আমরা।


আমি মেল ও লিন্ডার ওপর নিয়ে পরীক্ষাটা চালাতে চেয়েছিলাম...
কিন্তু ওদের বদলে ওই বাড়িতে এসে গেলে তোমরা দু'জন। অগত্যা...
ওই যে পাশের ঘরেই ঘুমোচ্ছে নার্দা। ওর হাতের কাছেই বন্দুক।
4-27
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



এ বার সবাই দেখুন, সুগন্ধী অর্কিডের কেরামতি...
ঘুমন্ত নারীর মাথার কাছে রাখছি। অর্কিডটা। এর গন্ধে খুনের স্পৃহা জেগে উঠবে ওর মনে।
ও জেগে উঠেই হাতে তুলে নেবে বন্দুকটা। তাপর সামনে যাকেই পাবে, গুলি করবে।
সেই লোকটি হবে ম্যানড্রেকই।
4-28
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আপনারা আঁধার-আড়াল থেকে খেলাটা দেখুন।
পায়ের আওয়াজ। নির্ঘাত নার্দা ঘুম ভেঙে উঠে দরজা দিয়ে এ দিকেই আসছে।
4-29
নার্দা, ফিরে যাও।
চেঁচিয়ে লাভ নেই বাপু। ওই অর্কিডের গন্ধে নার্দা এখন ঘোরের মধ্যে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


পুরনো সেই বাড়িতে ঘোর বিপদে ম্যানড্রেক...
যে কোনও মুহূর্তে খুলে যাবে ওই দরজাটা। আর...
তারপরেই অর্কিডের গন্ধে আচ্ছন্ন অবস্থায় রিভলভার হাতে ঘরে ঢুকবে নার্দা...
সামনেই পাবে ম্যানড্রেককে। জিঘাংসায় উন্মত্ত হয়ে নার্দা গুলি চালালেই...হেঃ হেঃ!
5-1
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তৈরি থাকুন। দরজাটা খুলছে।
ধীর পায়ে অস্ত্র হাতে নার্দা ঢুকছে ঘরের মধ্যে।
সামনেই চোখ বাঁধা অবস্থায় অসহায় ম্যানড্রেক। মৃত্যু কি আসন্ন?
সম্মোহনের কৌশল এ বার খাটছে না।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
5-2


মেয়েটা আমাদের দেখতে পাচ্ছে না তো?
অন্ধকারে থাকা পর্যন্ত দেখতে পাবে না।
ওই যে, রিভলভারটা তুলছে নার্দা।
সুন্দরী, এ বার তোমার প্রিয়তম মরবে তোমারই হাতে। হেঃ হেঃ!
বিদায় ম্যানড্রেক।
5-3
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


এরপর আইন মোতাবেক ম্যানড্রেককে হত্যার দায়ে অভিযুক্ত হবে নাদা।
আমাদের কিছুই হবে না।
ট্রিগার টানো সুন্দরী।
অন্ধকারের আড়ালে যারা আছ..
কেউ নড়বে না।
5-4
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


তু-তুমি তো এখন অর্কিডের গন্ধে আ-আচ্ছন্ন হয়ে আছ, তা-তাই না।
না। এ বার আর বোকা বানাতে পারোনি।
ওই সামান্য গন্ধে তেমন কিছু হয়নি আমার। বাঁধন খোলো ম্যানড্রেকের।
গিলি গিলি। আমি মুক্ত জুনিয়র। নার্দা বজ্জাতগুলোর দিকেই অস্ত্র তাগ করে থাকো।
?
5-5
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নার্দার ভঙ্গিমায় ওরা অবাক...
ওদের দেহ তল্লাশ করো।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
আমি অস্ত্র উঁচিয়ে রাখছি।
নার্দা, ওদিকে শত্রু। সাবধান।
5-8


জানলা দিয়ে একজন গুলি চালাতে উদ্যত...
ম্যানড্রেক সম্মোহনের ভঙ্গি করতেই..
সার্সিটা খড়াম করে পড়ে অস্ত্র ছিটকে দিল..
ধ্রাম্
5-9
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


এক সঙ্গীকে বাইরে রেখেছিলে?
হ্যাঁ, আমরা বরাবর এটাই করে থাকি। বলা তো যায় না...
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.
আরে রিভলভারটা ছিটকে পড়ল কোথায়?
এই তো। এখানে।
5-10


অস্ত্র ফেলে দাও নার্দা।
আগে তোমারটা ফ্যালো।
দুঃখিত। । দ্যাখো সুন্দরী, আগ্নেয়াস্ত্রটা মেয়েদের হাতে ঠিক মানায় না।
তাই আমাকেই...
রিভলভারের ট্রিগার টিপতে উদ্যত জুনিয়র...
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved
5-11



আবার সম্মোহন জাদুকর ম্যানড্রেকের...আর তাতেই...
গুলির বদলে বেরিয়ে এল রাশি রাশি বুদ্বুদ...
!
5-12
এটা কী হল!
জানো না, লাইসেন্সহীন অস্ত্র থেকে গুলি বেরোয় না। বেরোয় বুদ্বুদ।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ভয়ে পালাচ্ছে বজ্জাতের দল...
সত্যি, নাকি ভড়কিবাজি, কে জানে!
দরজা। আমার পিছু পিছু এস।
পুলিশ!
এও নিশ্চয় ম্যানড্রেকের মায়াজাল।
আসল না নকল সমঝে দিচ্ছি।
5-15
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


একদম ঠিক সময়ে এসেছেন।
এই দলটার কথাই বলেছিলে তো নার্দা ?
হ্যাঁ। কিন্তু জুনিয়র কোথায় গেল ?
কোথায় চললে তুমি ?
আমি চললাম জুনিয়রকে ধরতে। বাকিটা নার্দা বুঝিয়ে দেবে।
5-16
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


অর্কিড সোনা, কি সুন্দর দেখতে তোকে। ওরা বলছে তোর শক্তি নাকি কমে গিয়েছে। মিথ্যে কথা।
5-17
কে যেন আসছে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


অর্কিড ঢাকার ভারী কাচের পাত্রটা ছুড়ে মারল জুনিয়র...
চকিতে মাথাটা সরিয়ে ফেলেছে ম্যানড্রেক...
ঝনাৎ
প্রাণঘাতী অর্কিডের খেল এ বার শেষ জুনিয়র।
মিথ্যা কথা।
5-18
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



বাবা বলে গিয়েছেন, ওই অর্কিডের বীজ এখনও আছে।
!
সেটা খুঁজতেই যাচ্ছি।
জুনিয়র চলেছে শস্য রাখার ঘরটায়। সেই কত বছর আগে ওখানেই ওর বাবাকে ধরেছিলাম আমি।
5-19
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


আর এক পা-ও এগিও না ম্যানড্রেক।
তোমায় ধরবই।
এক সময় তোমার বাবা বিষাক্ত সব গাছপালা ছড়িয়ে রেখেছিল ওই ঘরে ও বাইরে...
কিন্তু তাতেও নিস্তার পায়নি সে। তুমিও পাবে না।
আর এগোলে মরবে তুমি।
5·20
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
ফের বিপদ...


হুঁশিয়ারি ম্যানড্রেককে...
আর এক পা-ও এগিও না।
তুমি বেরিয়ে এসো জুনিয়র।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
না।
তবে আমিই গিয়ে পাকড়াও করি তোমাকে।
এগোলেই মরবে ফের লে দিচ্ছি।
5-22


এখন আর বিষাক্ত গাছ নেই। তবে ভয় কিসের!
5-23
বাবা জানতেন, বিষাক্ত গাছের বাধাও ব্যর্থ হতে পারে...
তাই, আর একটা প্রতিরোধও গড়ে যান। সেটা...
!!
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved



এ তো ফাঁদ!
হ্যাঁ, বাবার শেষ কীর্তি।
পাটাতন সরে যাওয়া। এ তো আদ্যিকালের প্রযুক্তি।
ক্লিক
ফাঁদের ওটা একটা সামান্য অংশ মাত্র ম্যানড্রেক। বাকিটা...
5·24
©2009 by King Features Syndicate, Inc. World rights reserved.


জুনিয়র, পুলিশ যে কোনও মুহূর্তে এসে পড়বে।
আসুক।
ঘড়ঘড় শব্দ কিসের? মোটর চলছে নাকি?
জুনিয়রকে ধরতে ম্যানড্রেক দৌড়ল। সে তো অনেকক্ষণ আগে।
ম্যানড্রেক জানে কখন কী করতে হয়। চিন্তা কোর না।
5-25
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঠিকই ধরেছ ম্যানড্রেক। মোটরটা চালিয়ে দিয়েছি।
দেওয়ালটা লক্ষ করো।
5·26
আরে! ভিতর দিকে সরে আসছে যে!
হ্যাঁ। দু' দিক থেকে ভিতরে এগোতে এগোতে ফাঁকটা ভর্তি হয়ে তোমাকে..
পিষে মারবে। হাঃ হাঃ।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



নাঃ। দেওয়াল এগিয়েই আসছে।
কেন যে অর্কিড রহস্য নিয়ে পড়লে জাদুকর। জানটা খোয়াতে হচ্ছে অকালে।
এদের সদর থানায় নিয়ে গিয়ে হাজতে পুরে দাও।
দেখুন, ওই পুরনো চালাঘরটার পিছনে কী যেন ঘটছে!
5-30
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.




জুনিয়র, নড়লেই মরবে কিন্তু।
ম্যানড্রেক কোথায় ?
একটু আগে এলে বাঁচাতে পারতে।
বলতে খারাপ লাগছে, ম্যানড্রেক আর বেঁচে নেই।
?
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


কী বলছ তুমি?
আমি সতর্ক করেছিলাম ম্যানড্রেককে...
কিন্তু ও বারণ না শুনে মৃত্যু ফাঁদে পা দিল। সব শেষ।
আরে আমাকে মারলে কি আর ম্যানড্রেক ফিরে আসবে। উল্টে আমি...
পুলিশি নিগ্রহের অভিযোগ জানাব।
World rights reserved
©2006 by King Features Syndicate, Inc.


আমার কেমন গোলমাল ঠেকছে সব।
আপনার কি ধারণা, ম্যানড্রেক এখনও বেঁচে ?
মাটির নীচে কী করে বাঁচবে ?
শেষে সেই বিষাক্ত অর্কিডই জিতল।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved
সত্যিই কি তাই ?


ম্যানড্রেক নেই...ভাবতেই পারছে না নার্দা!
নার্দা সত্য যতই কঠিন হোক, তাকে জানতেই হবে
দেওয়ালে এই ভাবে পিষে গিয়ে কেউ বাঁচতে পারে না।
জানি। তবু শেষ চেষ্টা হিসাবে ওটা একবার খুলে দেখতেই হবে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


বাবা দেওয়াল বন্ধ করার কৌশলটাই শুধু উদ্ভাবন করেছিলেন।
!
6-7
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.
গাড়িতে একটা শাবল-কুড়ুল আছে, নিয়ে আসব?
হ্যাঁ, যা পাও, জলদি নিয়ে এসো। দৌড়ে যাও।


কাঠটা পচে গিয়েছে। চাড় দিয়ে উপড়ে ফেলেছি।
নার্দা, যথাসাধ্য চেষ্টা করছি আমরা।
স্যার, খুলে ফেলেছি। কিন্তু ভিতরে অন্ধকারে কিছু দেখা যাচ্ছে না।
টর্চলাইট আনো।
6-8
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের মতো মহৎ মানুষের এমন পরিণতি বড় দুর্ভাগ্যের।
স্যার এই নিন টর্চলাইট। ভিতরে কী অবস্থা, কে পরখ করবে?
দুর্ভাগা আমি।
6-9
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved


স্যার নিজেই দায়িত্বটা নিলেন। ভাবতেই কষ্ট হচ্ছে।
জীবনে এমন দুঃখের মুহূর্ত আর আসেনি।
স্যার! কী দেখলেন? কী অবস্থায় ম্যানড্রেক?
কী দৃশ্য?
6-10
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved


শাবলের চাড় দিয়ে গুপ্তঘরের ছাদের পাটাতন ভেঙে ফেলল পুলিশ...
এ সব ফালতু চেষ্টা। ম্যানড্রেক পিষে চিড়ে চ্যাপ্টা হয়ে মরে গিয়েছে অনেকক্ষণ।
চোপ্।
স্যার, কী দেখলেন আপনি?
আমার বিশ্বাসই হচ্ছে না।
6-12
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



এতক্ষণ ধরে কী দেখছেন পুলিশ-প্রধান?
দোহাই বলুন ম্যানড্রেক কী অবস্থায়?
দেওয়াল দুটো জুড়ে আছে। কিন্তু ম্যানড্রেক তো নেই।
হতেই পারে না।
6·13
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


আমি দেখলাম গুপ্তকাঁদের গর্তে পড়ল ম্যানড্রেক। তারপর দু'দিক থেকে দেওয়াল এগিয়ে এল ওর দিকে।
হতে পারে। কিন্তু ঘটনা হল, এখানে ম্যানড্রেক নেই।
!
জাদুবলে নির্ঘাৎ পালিয়েছে।
কিন্তু জড় দেওয়ালকে সম্মোহন করবে কী ভাবে? এ যে...
অত্যাশ্চর্য ব্যাপার!
কী ঘটেছে তা হলে?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



মৃতদেহ পাচ্ছেন না...
সেক্ষেত্রে অপরাধের প্রমাণ কী ?
ম্যানড্রেকের দেহ না পেলে আমাকে গ্রেফতার করা যাবে না।
আমার খোঁজ হচ্ছে ?
ম্যানড্রেক !
!!
6·15
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক! তুমি বেঁচে আছ সোনা!
যা ভয় পাইয়ে দিয়েছিলে!
তুমি মৃত্যুফাঁদ এড়িয়ে বেঁচে ফিরলে কী করে?
সে এক কাণ্ড বটে। খুলে বলছি এ বার।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


জুনিয়র দেখেছে, দু'দিক থেকে দেওয়াল এগিয়ে আসছে তোমাকে পিষে মারতে...
মিথ্যা বলেনি ও। প্রায় মরতেই বসেছিলাম। কিন্তু...
উফ্!
?
কী হল?
6-17
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


দুই দেওয়ালের মাঝে পিষ্ট হওয়া থেকে কী করে বাঁচল ম্যানড্রেক তা বলতে বলতে...
উফ্!
শরীর খারাপ লাগছে?
মাথাটা কেমন ঘুরছে যেন।
আবার। চলো এ বার। বাড়ি গিয়ে বিশ্রাম নেবে বরং।
তেমন কিছু না।
ওকে দুর্বল লাগছে।
6-19
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



জুনিয়রকে থানায় নিয়ে যাও। আমি যাচ্ছি পরে।
6-20
এটা খেয়ে নাও তো।
কপালটা যেন ফুলে আছে। চোট পেয়েছ?
চোট? তা হলে অনেক কথা বলতে হয় আমাকে।
!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ফাঁদটা বুঝতে পারিনি। সোজা ওই ঘরের মেঝেতে ধড়াম।
!
“দেখি দু' দিক থেকে দেওয়াল চেপে আসছে।”
“উপরে ওঠার উপায়ও নেই আমার। হাতে রিভলভার হাতে অপেক্ষা করছে জুনিয়র।”
6-21
দেওয়ালের এগিয়ে আসা ঠেকালে কী করে?
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


নিরেট দেওয়ালে সম্মোহন কোনও কাজ করতে পারে না। বুঝলাম আর রক্ষা নেই আমার।
"হঠাৎ এক সুযোগ। চোখ রাখলাম জুনিয়রের চোখে।"
"সম্মোহনে আমি 'অদৃশ্য' হয়ে গেলাম ওর চোখে।"
কিন্তু দেওয়াল তো এগিয়ে আসছে তখনও। কী করলে?
6-22
©2000 by King Features Syndicate, Inc. World rights reserved.



দেখি মেঝেয় পড়ে আছে একটা লাঠি। মন বলল, এটাকে কাজে লাগাও এক্ষুনি।
"লাঠিটা দু' দিকের দেওয়ালের মধ্যে আটকে দিলাম"...
তারপর লাঠিটায় ভর দিয়ে উপরে ওঠা মাত্রই লাঠিটা ভেঙে গেল।
মটাং
6-23
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঝাঁপিয়ে গর্তের বাইরে শরীরটা ফেলে দিলাম কোনও রকমে।
6-24
“ওই ঝাঁপ দেওয়ার সময়েই মাটিতে ঠুকে যায় কপালটা।”
এত কাণ্ড ঘটে গেলেও 'অদৃশ্য' থাকায় জুনিয়র জানল, আমি গর্তের ভিতরেই রয়েছি।
তবে বিপদ কাটেনি। কারণ 'অদৃশ্য' আর কতক্ষণ।
!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


তারপর আমি এখানে ঢুকলাম। দেখি, জুনিয়রকে আত্মসমর্পণ করতে বলছেন পুলিশ-প্রধান।
ওঃ। খুব কপাল যে বেঁচে ফিরেছ। তারপর?
শুনছ। উনি কী জিজ্ঞাসা করছেন!
আবার আচ্ছন্ন হয়ে পড়ল! গতিক ভাল বুঝছি না।
6-27
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেক! ম্যানড্রেক!!
ম্যানড্রেক শুনছ, চোখ খোলো।
কথা বলতে বলতে ঘুমিয়ে পড়ল।
আমার খুব ভয় করছে।
চিন্তিত আমিও। সামান্য মাথায় চোটে এমন হবে কেন? আমি এক্ষুনি অ্যাম্বুল্যান্স আনাচ্ছি ম্যানড্রেকের জন্য।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


খবর দিতে না দিতেই এসে গেল অ্যাম্বুল্যান্স।
ম্যানড্রেককে নিয়ে যেতে হবে।
ম্যানড্রেক ভিতরে। জলদি চলুন।
পড়ে গিয়ে মাথায় লেগেছে?
আচমকা এমন চোটে কেউ কেউ আচ্ছন্ন হয়ে পড়ে। তবে কী হয়েছে বোঝা যাবে হাসপাতালে নিয়ে গেলে। জলদি চলো।
6-29
©2000 by King Features Syndicate, Inc. World rights reserved.


লোথার, নার্দা বলছি। অসুস্থ ম্যানড্রেককে হাসপাতালে নিয়ে যাচ্ছি।
জানাডুতে...
আমি এক্ষুনি চলে যাচ্ছি সেখানে।
অ্যাম্বুল্যান্সের ভিতরে...
ম্যানড্রেক যে কেমন নিথর হয়ে যাচ্ছে...
ড্রাইভার, আরও জোরে।
6·30
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


কী অবস্থা ম্যানড্রেকের ?
ডাক্তাররা পরীক্ষা করছেন ওকে।
ডাক্তারবাবু এ দিকেই আসছেন দেখছি।
মন শক্ত করুন। ম্যানড্রেক গুরুতর অসুস্থ। তবে আমরা যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছি।
অজ্ঞাত এক কারণে সে কোমায় চলে গিয়েছে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর


শহরের হাসপাতালে চিকিৎসার জন্য ম্যানড্রেক...
ম্যানড্রেক কোমায় চলে গিয়েছে। কিন্তু কারণটা বোঝা যাচ্ছে না।
!
!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
মাথায় সামান্য চোট ছাড়া আর তো কিছু দেখছি না। তাতে এমন?
যে টুকু আমরা বুঝেছি, মাথায় ওই সামান্য চোটটা কোমার কারণ নয়।
!


আপাতত অন্য বিশেষজ্ঞেরা পরীক্ষা করছেন ম্যানড্রেককে।
ওঁদের পরীক্ষা শেষ। আপনাদের ডাকছেন ডাক্তারবাবুরা।
ঘাবড়িও না নার্দা। ওঁরা বড় ডাক্তার। কিছু একটা ব্যবস্থা করবেনই।
কিন্তু ওঁদের মুখ এত গম্ভীর কেন?
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved



ম্যানড্রেকের অবস্থা একই রকম।
7-5
ম্যানড্রেক কোমায় কেন, আঁচ পেলেন কিছু?
হ্যাঁ পেয়েছি। সেটা একদিকে ভাল, অন্যদিকে মন্দ।
দোহাই। যা বলার পরিষ্কার করে বলুন।
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের বাঁ হাতে একটা আঁচড়ের দাগ পেয়েছি।
সেটা বিষাক্ত আগাছার স্পর্শ থেকে।
গভীর জঙ্গলের এই আগাছার ঘষা ওর হাতে লাগল কী করে?
বহুদিন আগে এক অপরাধী এখানে বিশেষ ভাবে এনে পুঁতেছিল ওই বিষাক্ত চারা। পরে তা পুড়িয়ে দেয় পুলিশ।
থেকে যায় শুধু একটা।
7-6
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


জুনিয়রকে পাকড়াও করতে যাওয়ার সময় কোনওভাবে ওই আগাছার সংস্পর্শে এসেছিল ম্যানড্রেক।
যেটা ভাল তা হচ্ছে, কেন ম্যানড্রেক কোমায় তা এখন পরিষ্কার হল।
7-7
আর মন্দটা কী?
এর কোনও ওষুধ নেই।
!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ওই বিষাক্ত আগাছা মৃত্যু ঘটায়। কিন্তু এর ওষুধ চিকিৎসাশাস্ত্রে নেই।
লোথার, কোথায় চললে তুমি?
এর ওষুধ আনতে।
©2016 by King Features Syndicate, Inc. World rights reserved
কিন্তু এর যে ওষুধ নেই!
যেখানে থাকতে পারে সেখানেই যাচ্ছি।
!
কোথায় যাচ্ছে লোথার?




©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের কী অবস্থা লোথার জানাল গুরানকে।
ওর জন্য কী করতে পারি বলো।
একেবারে কোমায়! কী সর্বনাশ!
7-12
দরকার অ্যাকুনা গাছের চারা। কোথায় পাব?
পাওয়া কঠিন..
!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.




©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



আরে মজ। তোমাকেই খবর দিচ্ছিলাম।
বুঝে গিয়েছি গুরান।
কেন লোথার এখানে এসেছে, ম্যানড্রেকের অবস্থা কী— আমি সব জানি।
মজ বুড়ো বিষাক্ত কাঁটাগাছের স্পর্শে ম্যানড্রেক মরতে বসেছে। ওকে বাঁচানোর ভেষজ ওষুধ কিছু আছে?
একদম ঠিক প্রশ্নটাই করেছ।
7-14
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


জাদুকর ম্যানড্রেক এখনও কোমাতেই...
নার্দা ও পুলিশ প্রধান টানা রয়েছেন হাসপাতালেই...
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
ওদিকে প্রতিষেধকের সন্ধানে লোথার গিয়েছে বহু দূরের অরণ্যে...
এই বিষের তবে প্রতিষেধক আছে একটা ?
হ্যাঁ। যত শীঘ্র সম্ভব তিনটে শ্বেতঘণ্টি ফুল জোগাড় করো।
7-17


শ্বেতঘণ্টি জোগাড় করাটা খুবই কঠিন। ওই ফুল ফোটে 'বারো জাতির দেশে'র জঙ্গলে।
সেই দেশটা আবার সশস্ত্র গুন্ডা আর ঠগে ভর্তি।
তারা চোরাই মাদকের কারবারি। বহিরাগতদের দেখলেই গুলি করে।
লোথার, রিভলবার এনেছ তো?
না আমি খালি হাতেই লড়ি।
7-18
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


দৌড়তে দৌড়তে বনের প্রান্তে এল লোথার। জায়গাটা সমতল, বড় ঘাসে ঢাকা...
মজ যা বলল, এখান থেকেই খোঁজা শুরু করতে হবে।
এখানে দেখি বরং।
7-20
গুরান কিন্তু বার বার লোথারকে সতর্ক করে দিয়েছে গুন্ডাদের সম্পর্কে...
© by King Features Syndicate, Inc. rights reserved


নার্দা ঠায় দাঁড়িয়ে আছে। বেচারির আশা, ম্যানড্রেক ভাল হয়ে উঠবে।
আশাই মানুষকে বাঁচায়। কিন্তু এক্ষেত্রে আশা করা বৃথা।
7-21
তখন হাজার মাইল দূরে লোথার পাগলের মতো খুঁজছে ম্যানড্রেককে বাঁচানোর ওষধি...
আরে! কে একটা ঘুরছে এখানে।
?
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


লোথারকে দেখে ফেলল মাদক-চক্রের গুন্ডারা...
ঘাসের আড়ালে কে? নির্ঘাত উটকো লোক!
কার এত সাহস? শায়েস্তা করো ওকে।
শ্বেতমণি পুষ্পের সন্ধানে ব্যস্ত লোথার টের পায়নি পিছনে হাজির সশস্ত্র গুন্ডারা...
7-22
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved
অতঃপর



©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.



জানো না, বাইরের লোকের প্রবেশ এখানে নিষিদ্ধ?
না। আমি এসেছি হাজার মাইল দূর থেকে।
কী জন্য?
একটা ফুলের খোঁজে।
মস্করা হচ্ছে!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved




©2006 by King Features Syndicate, Inc. World rights reserved


দু'জন কাত।
ভয়ে পালাচ্ছে তৃতীয় জন।
চাঁদু, পালিয়ে বাঁচবে ভেবেছ।
7-29
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


তোমরা সব মাদক চক্রের পোষা গুন্ডা।
অরণ্যরক্ষীদের হাতেই তোমাদের তুলে দেওয়া উচিত ছিল।
7-29
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.
কিন্তু এখন আমার হাতে অত সময় নেই।
হাজার মাইল দূরে এক হাসপাতালে তখন...
ওর অবস্থা ক্রমশই খারাপ হচ্ছে। একটা ওষুধও যদি থাকত!
অতঃপর


ড্রাগ-চক্রের তিন গোয়েন্দা শায়েস্তা লোথারের কাছে...
যা। অন্য কোথাও চলে যা তোরা।
ঘোড়াগুলো চলে গেল। এ বার হাঁটা ছাড়া গতি নেই।
বোঝো।
বন্দুকগুলোও লোকটা কেড়ে নিল। প্রাণ বাঁচানোই দায়।
জানোয়ার এলেই সমূহ বিপদ।
আতান্তরে পড়ে গেলাম।
7-31
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


শ্বেতঘণ্টি ফুলের দেখা এখনও তো পেলাম না!
হাঁটতে হাঁটতে প্রায় মাইল দুয়েক চলে এসেছি।
বন্দুকগুলো এখানে রেখে দিই বরং।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



লোকটার গায়ে যেন হাতির বল।
ঘুষি চালায় ঠিক অরণ্যদেবের মতো।
মন্দের ভাল চোয়ালে খুলির দাগ পড়ে না।
গুড়ুম্
?
?
by King Features Syndicate, Inc. World rights reserved.
গুলির আওয়াজে ভড়কে গিয়ে পালাচ্ছে সিংহটা।
আরে! ওখানে ওটা কী


আরে! এই তো সেই শ্বেতঘণ্টি ফলের গাছ। বাঃ!
আরও দু'টো দরকার।
মনে হচ্ছে টিলাটার ওপরে পেয়ে যাব।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


এগুলোও একই গাছ। কিন্তু এতে তো ফুল নেই।
কেন ?
ও দিকে খুলিগুহায়...
গুরান, লোথারকে বলতে ভুলে গিয়েছি যে পাহাড়ি গোরিলারা শ্বেতঘন্টি ফুল খেতে ভালবাসে। সতর্ক করা উচিত ছি।
লোথার ওদের সামনে পড়লেও ঠিক কাজ উদ্ধার করে নেবে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved




©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


হাসপাতালের ওয়েটিং রুমে স্তব্ধতা...
আপনি এখানে! ডাক্তাররা বলছেন, ম্যানড্রেকের জীবনদীপ নেভার মুখে।
এ দিকে এই অবস্থা অন্য দিকে লোথারও ফিরে আসছে না।
লোথার তখন হাজার মাইল দূরে...
?!
8-7
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved



©2016 by King Features Syndicate, Inc. World rights reserved.


ঠিকই ধরেছি। ব্যাটা শ্বেতবর্ণি ফুলটাই চাইছে।
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved
এটা ছুড়ে দিয়ে পরখ করি বরং।
8-9


হুম্‌। গরিলাটা তো ওই ছুড়ে ফেলে দেওয়া ফুলের দিকেই ধাওয়া করল।
এটাই ওর আহার.
৪-১০
গরিলাটা ব্যাটা আসলে এসেছিল ওই ফুলেরই খোঁজে।
ওদিকে ড্রাগ পাচারকারীদের শিবিরে তখন...
যা মার খেয়েছি ওস্তাদ কী বলব।
গর্দভের দল। তোমাদের কথায় বুঝে গিয়েছি মারকুটে লোকটা কে।
© by King Features Syndicate, Inc. World rights reserved


ও হচ্ছে লোথার। অরণ্যদেবের অত্যন্ত ঘনিষ্ঠ ও প্রিয়পাত্র লোকটা। শরীরে যেন সিংহের বল।
কিন্তু সে এখানে কেন?
অরণ্যদেবের হয়ে চরগিরি করতে।
একটা বড় বরাতের মাল পাঠাতে হবে।
কিন্তু লোথার অরণ্যরক্ষীদের খবর দিলে মুস্কিল।
আচ্ছা জ্বালাতনে পড়া গেল।
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved
8-11



এই তো! শ্বেতমণি ফুল। জোর কপাল।
ম্যানড্রেককে বাঁচাতে লাগবে আর একটা।
কিছু দূরে তখন...
লোথারকে খুঁজে বার করে খতম করতে হবে আমাদের।
8-12
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved
অতঃপর


ডাক্তাররা ধরেই নিয়েছেন ম্যানড্রেককে আর বাঁচানো যাবে না। ওই বিষের ওষুধই নেই তাঁদের কাছে...
কিন্তু জঙ্গলের সন্তান লোথার হাল ছাড়তে নারাজ। সে গিয়েছে বনজ প্রতিষেধকের খোঁজে...
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
দরকার তিনটি শ্বেতঘণ্টি ফুল, চারা-সহ। যেটা পেতে গিয়ে মাদক-দস্যুদের মুখে পড়েছে লোথার...
মাদক-দস্যুরা আক্রমণ হানতে মরিয়া...


ওস্তাদ, একটু আগে ওদিকে বন্দুকের আওয়াজ হল যেন!
হয়তো সিংহ দেখে লোথারই গুলি ছুড়েছে।
ওখানে ঘাসটা চটকানো কেন?
লোথার আশপাশেই আছে নির্ঘাত।
ওকে দেখলেই গুলি করবে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


তিনটে শ্বেতহস্তি মিলেছে। যত শীঘ্র সম্ভব পৌঁছতে হবে।
এখন আপাতত লক্ষ্য খুলি গুহা। সেখান থেকে...
আবার সেই মাদক-দস্যুর দল।
আমাকেই খুঁজছে নাকি ?
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


লোথার নির্ঘাত এই পথ ধরেই গিয়েছে।
ঘাসের বনে ওর পায়ের দাগ।
ওই তো লোথার। ঘিরে ফ্যালো ওকে।
8-17
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved


লোথার পালিয়ে যাচ্ছে।
গুড়ুম! গুড়ুম!
তোমার নিশানা দারুণ। ওকে খতম করো।
তখন অনেক দূরে হাসপাতালে মৃত্যুর প্রহর গুনছে জাদুকর ম্যানড্রেক...
ওর নিশ্বাস প্রায় পড়ছে না বললেই হয়। আর বেশিক্ষণ নয়।
ও কথা বলবেন না।
অতঃপর
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


মাদক-দস্যুদের ঘোড়া ছিনিয়ে নিয়ে চলে যাচ্ছে কোথায়...
জলদি গুলি করো ওকে।
এ বার আর ছাড়ান-ছোড়ন নেই। মর ব্যাটা।
গুড়ুম্
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved


গুলি খেয়ে পড়ে গেল!
কান ঘেঁষে গুলিটা বেরিয়ে গেল। ঘোড়াটা ভয় পেয়েছে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved
ও দিকে হাজার মাইল দূরে মৃত্যুর সঙ্গে লড়ছে ম্যানড্রেক...
নার্দা, আর আশা নেই।
এক অবিশ্বাস্য যদি কিছু ঘটে।


ঘোড়াটা ছুটে পালাচ্ছে।
কিন্তু কোথায় কোথায় ?
গুলিটা ওকে বিঁধেছে বলেই তো মনে হল!
ঠিক বুঝতে পারছি না। ঘোড়াটা এমন ভাবে লাফিয়ে উঠল!
ওকে খুঁজে বার করো।
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


ও দিকে ঘাসটা নড়ছে মনে হচ্ছে!
নির্ঘাত ওখানে লুকিয়ে আছে ব্যাটা।
চারদিক থেকে ঘিরে ফ্যালো। ওকে ধরতেই হবে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


দস্যুরা ঘিরে ফেলেছে আমাকে।
8-25
King Features Syndicate, Inc. World rights reserved
গোল বেড়ার মতো করতে হবে।
এ বার বৃত্তটা ছোট করে এগোতে থাকো। ওকে পেতেই হবে।



মনে হচ্ছে এখানেই আছে।
!
আর ঘাপটি মেরে থেকে লাভ নেই লোথার। তোমার খেল শেষ।
8-26
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved
একটা বড় চালান এসেছে। তোমায় খতম করেই সে কাজ সারতে হবে।
ওই দ্যাখো!
?
হেলিকপ্টার!


নিরস্ত্র লোথারকে ঘিরে ফেলেছে সশস্ত্র দস্যুরা...
মরেছে। হেলিকপ্টার এল কোথা থেকে?
অরণ্যরক্ষী বাহিনীর নাকি?
গায়ে কিছু লেখা নেই। যারই হোক, গুলি করে গুড়িয়ে দাও।
8-28
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved


ঘ-র-র-র
কপ্টারটা গুলি করে নামাও।
ইঞ্জিনের শব্দে ভয় পাচ্ছে ঘোড়া।
ঘ-র-র-র
আরে! আমার দিকেই আসছে!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ভয় পেয়েছে ঘোড়াগুলো। দস্যুরা ওদের বাগে আনতে পারছে না ...
!
বুঝেছি কে এসেছে।
সাবাশ লোথার। উঠে এসো জলদি।
!
পাইলটটা কে?
8-31
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


জলদি ভেতরে ঢুকে পড়ো লোথার।
!
কণ্ঠস্বরেই বুঝেছি।
ও দিকে হাজার হাজার মাইল দূরে এক হাসপাতালে তখন...
নার্দা, ডাক্তাররা বলছেন, ম্যানড্রেকের যা হাল, আজ রাত্রিটা কাটবে কি না সন্দেহ।
আমার মন বলছে, অবিশ্বাস্য কিছু একটা ঘটবে।
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর



হেলিকপ্টারের দৌলতে ড্রাগ-দস্যুদের হাত থেকে বাঁচল লোথার...
আন্দাজ করছিলাম চালক তুমিই। মিলে গেল।
শ্বেতঘণ্টি ফুল খুঁজে পেয়েছ তো?
হ্যাঁ, তিনটে।
তবে তো এখানের কাজ শেষ। যাওয়া যাক।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved
-অরণ্যদেব


যাঃ! উড়ে পালাল।
মরুক গে যাক। ও দিকে দ্যাখো!
আগুন লেগেছে আমাদের ক্যাম্পে!
9-5
বুঝেছি, আসার সময় কপ্টার থেকে বোমা ছুড়েছিলে তুমি। তাই তো!
দুষ্টকে দমনের চেষ্টা।
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


খুলিগুহায় ফিরে গুরান ও মজের মুখে তোমাদের সব খবর পেলাম। তারপরই কপ্টার নিয়ে...
এখন যত শীঘ্র সম্ভব ফেরা।
এই ফুলের নির্যাস বিষমুক্ত করবে তো ম্যানড্রেককে?
অবশ্যই, তবে সময় মতো প্রয়োগ করলে।
এখন সোজা মাওইটান বিমান বন্দর।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


সব শুনে প্রেসিডেন্ট লুয়াগা তোমার জন্য বিশেষ বিমানের ব্যবস্থা করেছেন।
উঠে পড় লোথার। আমাদের শুভেচ্ছা থাকল।
অসংখ্য ধন্যবাদ।
ম্যানড্রেক, আর একটু লড়াই করো। ওষুধ যাচ্ছে।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


হাসপাতালে ভর্তি জাদুকর ম্যানড্রেকের শারীরিক অবস্থার আরও অবনতি ঘটেছে। ডাক্তারেরা আর আশা দিতে পারছেন না...
জেট বিমানে ওষুধ নিয়ে আসছে লোথার...
একটা কৌটোয় ফুল তিনটে রেখেছি।
বিমান থামলেই দৌড়ে সোজা হাসপাতালে।
লোথার একটা ভয় আছে। অজ্ঞাত ওষধি বলে বিমানবন্দর যদি ওই ফুল আটকে দেয়, তখন কী হবে?
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


অবশ্য যখন ওরা জানবে এটা ম্যানড্রেকের প্রাণরক্ষার জন্য তখন ছেড়ে দিতেও পারে...
কিন্তু কিছুটা সময় নষ্ট হবে।
9-9
সে ক্ষেত্রে আমি বিমানবন্দরে নামব না...
প্যারাসুটে ঝাঁপাব।
রাতের অন্ধকারে বাড়িঘরের মধ্যে কোথায় ঝাঁপ দেবে? তা হয় না লোথার।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
অতঃপর কী?


আকাশে তখন নাটক...
ম্যানড্রেকের কাছে সব থেকে তাড়াতাড়ি পৌঁছনোর একমাত্র উপায়...
...প্যারাসুট নিয়ে ঝাঁপ।
রাতের অন্ধকারে এ ভাবে ঝাঁপ! সাঙ্ঘাতিক বিপজ্জনক।
বুঝছি, বিমানবন্দরে নামলে নিয়মকানুনের বেড়াজালে কিছুটা সময় নষ্ট হবে। তা বলে এ ভাবে প্যারাসুট নিয়ে... না না।
লোথার ঠিক পারবে।
©2004 by King Features Syndicate, Inc. World rights reserved.


লোথার, হাসপাতালের মাথায় বড় করে 'H' চিহ্ন করা আছে।
ব্যাস। তা হলেই হল।
কী ভাবে নামবে তুমিই জানো।
ম্যানড্রেক মরতে বসেছে। এ ঝুঁকি আমাকে নিতেই হবে পাইলট।
সামনেই হাসপাতাল।
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


বেশ বিমান নিচু করছি। কিন্তু একবারই সুযোগ পাবে।
মাথায় 'H' চিহ্ন মনে রেখো।
অনেক ধন্যবাদ।
এসে গিয়েছে। লাফ দাও লোথার।
!
9-13
©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


প্যারাস্যুটটা খুলেছে তো?
হ্যাঁ, সেটা দেখেছি।
ওই যে নামছে।
মনে হচ্ছে নিরাপদেই নেমে যাবে।
কিন্তু শ্বেতঘড়টি ফুলটা আবার পড়ে না যায়।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


আপনারা একটু বাদে ম্যানড্রেকের কাছে যাবেন।
ডাক্তাররা এত চুপচাপ কেন? ম্যানড্রেক মারা গেল নাকি?
লোথার যে কোথায়?
লোথার খুব কাছাকাছিই এসে পড়েছে...
এটাই তো হাসপাতাল। যাক, ঠিকঠাকই নেমেছি।
আরে প্যারাস্যুটে কে নামল?
পাকড়াও ওকে।
9-15
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


বহু কাণ্ড করে লোথার পৌঁছল হাসপাতালে। তার পরেও ঝামেলা...
!
জানো না শহরের মধ্যে প্যারাস্যুটে নামা বেআইনি।
মরণাপন্ন এক রোগীকে বাঁচাতেই এ ভাবে নেমেছি। আমি নিরুপায়।
ও সব কোর্টে বলবে। এখন চলো আমাদের সঙ্গে।
না। তোমরাই চলো আমার সঙ্গে।
!
!
9-13
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved


ম্যানড্রেকের শয্যাপার্শ্বে...
নাড়ি পাচ্ছি না আর!
আর বোধহয় কিছু করার নেই আমাদের।
নার্স, আসতে বলো নার্দা ও পুলিশ-প্রধানকে।
ছ'তলায় পৌঁছেছি। এ বার বলো ম্যানড্রেক কোন ঘরে?
এই হলের শেষে বাঁ দিকে ঘুরে যে ব্লকটা পড়বে তার প্রথমেই...
9-21
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.


একটা কথা বলার আছে।
?
ম্যানড্রেক যে বিষক্রিয়ায় অসুস্থ এতদিন আমরা জানতামআধুনিক ডাক্তারি শাস্ত্রে তার কোনও প্রতিবেধক নেই। কিন্তু একটু আগে আফ্রিকা থেকে একটা ই-মেল এসেছে...
এক বিজ্ঞানী জানাচ্ছেন, আফ্রিকার জঙ্গলে শ্বেতমণি বলে একটা ফুল এর অব্যর্থ ওষুধ। সেটা পেলে...
!
ইস্! হাতে একটু সময় থাকতে যদি এটা জানা যেত। এখন তো আর...
9-22
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


একেই বোধহয় বলে নিয়তির পরিহাস।
একটু সময় পেলে...
হ্যাঁ। এত আফসোস হচ্ছে। শ্বেতঘন্টি ফুলের রস ম্যানড্রেকের ক্ষতে লাগাতে পারলে...
FALK FREDERICKS 9-23
শ্বেতঘণ্টি এখন আমার হাতে।
লোথার!
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved
প্রতিষেধক




©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


এটাকে প্রতিষেধক বলতে চাও। কিন্তু এর রস ক্ষতস্থানে লাগালে ম্যানড্রেকের অবস্থার যদি অবনতি ঘটে?
ম্যানড্রেক তো মৃত্যুর দোরগোড়ায়। খারাপ আর কী হবে?
ডাক্তারবাবু, এটাই শেষ ওষুধ। দিয়েই দেখুন।
9-26
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


কিন্তু কোনও রকম যাচাই না করে এই বুনো ওষুধ কি দেওয়া উচিত হবে?
অরণ্যদেবের কথা শুনেছেন?
এই ওষুধ তাঁকে বাঁচিয়েছিল। ম্যানড্রেককেও বাঁচাবে।
ফুলগুলো চটকে তার রস ম্যানড্রেকের শরীরের ক্ষতস্থানে লাগাতে হবে।
দোহাই ডাক্তার।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.
9 27



আমার গোটা ডাক্তারি জীবনে এমন সংশয়ে কখনও পড়িনি।
ডাক্তারির লাইসেন্স চলে যাবে ভাবছেন তো? তা হবে না।
ক্ষতস্থানে ওষুধটা লাগিয়ে দিয়েছি ভাল করে। এরপর কী করব?
অপেক্ষা করুন।
9-29
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


ম্যানড্রেকের উপরে নজর রাখছেন ডাক্তারেরা..
লোথার, জানাওনি তো যে এই ওষুধ আনতে গিয়েছ তুমি
বলার সময় আর পেলাম কোথায়।
ডাক্তার, ম্যানড্রেকের নাড়ির স্পন্দন ফিরেছে, গায়ের তাপও নামছে। আশ্চর্য কাণ্ড!
আর এ কাণ্ডের নায়ক লোথার।
!
©2005 by King Features Syndicate, Inc. World rights reserved.



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.



মৃত্যুর মুখ থেকে ফিরে এসেছেন জাদুকর ম্যানড্রেক। শেষ মুহূর্তে এক জংলি ওষধিই প্রাণ বাঁচাল তাঁর। ডাক্তাররা জানান...
সুদূর আফ্রিকার জঙ্গল থেকে আনা এক ফুল অত্যাশ্চর্য কাজ দিয়েছে বিষ কাটাতে।
HOSPITAL
লোথারই আমার জীবনদাতা।
ছাড়ো তো। এর আগে কতবার তুমি যে আমাকে বাঁচিয়েছ।
10-2
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


জুনিয়র, শুনেছ তো ম্যানড্রেক সুস্থ হয়ে উঠেছে?
ওর সবটাই বুঝি ভোজবাজি।
কিন্তু ও-ই তোমাকে ও তোমার বাবাকে জেলে পুরেছে।
ওই বিষের কারবারি তোমাদের বংশে আর কেউ আছে?
থাকলেও তা জানাব না।
10-3



জানাডুতে ফিরে...
নার্দা, নতুন জীবন পেলাম।
ব্যাপারটা শুরু হয় এক ডিনার পার্টি থেকে।
কথায় কথায় এল অর্কিড। তারপর জানালায় রহস্যময় মুখ...ধুরন্ধর কাকা...
..বিষাক্ত গাছ, মৃত্যুফাঁদ, সরে যাওয়া দেওয়াল, বিষে তোমার অসুস্থ হয়ে পড়া...
কী যে সাংঘাতিক বিষ ওই সব গাছগাছড়ায়। বিষাক্ত অর্কিড...
জীবনটাকেই শেষ করে দিচ্ছিল নার্দা।
10-4
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.


সুস্বাগতম।
লোথার, তুমি যা করলে জবাব নেই।
ম্যানড্রেক-নার্দা একটু হাঁটতে বেরিয়েছে।
10 - 5
?
ঠিক আছে। আমার দরকার তোমাকেই। সে জন্যই এসেছি।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved


লোথার, ম্যানড্রেককে বাঁচাতে সেই সুদূর আফ্রিকা থেকে নিজের জীবন বিপন্ন করে তুমি...
সংগ্রহ করে এনেছ বিষের ওষুধ। ম্যানড্রেকের প্রাণদাতা তুমি। বিশ্বে এর নজির নেই।
আমাদের উচিত তোমাকে পুরস্কার দেওয়া। কিন্তু তবুও আমি আইনরক্ষক। শহরে প্যারাসুটে নামাটা বেআইনি...
...তাই জরিমানার চিঠি ধরাতে হচ্ছে তোমাকে। এই সেই চিঠি।
©2006 by King Features Syndicate, Inc. World rights reserved



©2006 by King Features Syndicate, Inc. World rights reserved.